

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮.১৪২

তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রি.

ঢাকা, ২৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রি. প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর উদ্যোগে আজ ২৩ সেপ্টেম্বর থেকে ১৮ অক্টোবর ২০১৮ খ্রি. পর্যন্ত ০৪ (চার) সপ্তাহব্যাপী 'বেতার ও টেলিভিশন সংবাদ রিপোর্টিং' শীর্ষক প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন করা হয়েছে।

পাঠ্যধারাটিতে বাংলাদেশ বেতার থেকে ০৭ (সাত) জন, বাংলাদেশ টেলিভিশন থেকে ০২ (দুই) জন ও ১২ (বারো) জন ফ্রিল্যান্সসহ মোট ২১ (একুশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছেন। আজ সকালে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মো: রফিকুজ্জামান পাঠ্যধারার উদ্বোধন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এবং উদ্বোধন ঘোষণা করেন।

এ প্রশিক্ষণে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থীবৃন্দ বাংলাদেশের অভ্যুদয়, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দশটি বিশেষ উদ্যোগ, এসডিজি, সপ্তম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, বাংলাদেশের বিভিন্ন মিডিয়া, সংবাদ, সংবাদ সম্পাদনা, সংবাদ ব্যবস্থাপনা, সংবাদের রিপোর্ট প্রস্তুত, প্রেস রিলিজ, বিভিন্ন প্রকার রিপোর্টিং, সাক্ষাৎকার, অনলাইন রিপোর্টিং ইত্যাদি বিষয়ে তত্ত্বীয় এবং ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা অর্জন করবেন।

প্রশিক্ষণার্থীদের হাতে কলমে পাঠদানের মাধ্যমে সংবাদ রিপোর্টের কলাকৌশল ও পেশাগত বিষয়ে পারদর্শী হিসেবে গড়ে তোলাই এ পাঠ্যধারার মূল লক্ষ্য।


২৬/৯/১৮

আবদুল হান্নান
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ/ কমিউনিটি রেডিওসমূহ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।